



# প্রথম আলো

প্রথম আলো, ০৫-১২-২০২৪, পৃষ্ঠা- অনলাইন  
ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে ফার্মা কার্নিভ্যাল অনুষ্ঠিত



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে আয়োজিত 'ফার্মা কার্নিভ্যাল' অতিথিরা। ছবি: বিজ্ঞপ্তি

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ফার্মেসি বিভাগের উদ্যোগে দুই দিনব্যাপী 'ফার্মা কার্নিভ্যাল-২০২৪' অনুষ্ঠিত হয়েছে। গত মঙ্গলবার (৩ ডিসেম্বর) সকালে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাসে এই কার্নিভ্যালের উদ্বোধন করা হয়।

ফার্মাসিউটিক্যাল সেক্টরের পেশাজীবী, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য মর্যাদাপূর্ণ এই অনুষ্ঠানে নতুন প্রযুক্তির উদ্ভাবন, জ্ঞানের বিতরণ এবং কমিউনিটির মিলনমেলা হিসেবে কার্নিভ্যালটি আয়োজন করা হয়।

কার্নিভ্যালের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়াবলি-সংক্রান্ত বিশেষ প্রতিনিধি খালিলুর রহমান। বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মো. সাইদুর রহমান।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক শামস রহমান, সহ-উপাচার্য অধ্যাপক আশিক মোসাদ্দিক এবং ফার্মেসি বিভাগের চেয়ারপারসন অধ্যাপক আমিরুল ইসলাম। খালিলুর রহমান জাতীয় ঔষধনীতিতে যেন জনস্বার্থ রক্ষা হয়, সে বিষয়ে সবাইকে আওয়াজ তুলতে আহ্বান জানান। একই সঙ্গে অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে ফার্মাসিউটিক্যাল জোরদার ভূমিকা প্রত্যাশা করেন।

অনুষ্ঠানে শীর্ষস্থানীয় ফার্মাসিউটিক্যাল কোম্পানি, শিক্ষাপ্রতিষ্ঠান, কসমেটিক কোম্পানিসহ মোট ৩৭টি প্রতিষ্ঠান বিভিন্ন স্টলের মাধ্যমে পণ্য ও প্রযুক্তির প্রদর্শন করে। সেমিনার, দক্ষতা উন্নয়ন কর্মশালা এবং ১১ জন প্রখ্যাত ফার্মাসিউটিক্যাল অংশগ্রহণে একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। এ ছাড়া কার্নিভ্যালের শিক্ষার্থীরা পোস্টার প্রদর্শনী, ফার্মা অলিম্পিয়াড, তিন মিনিটের থিসিস প্রতিযোগিতা, তাৎক্ষণিক বক্তৃতাসহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।